এমএসএস খবর

অক্টোবর, ২০২৫ সংখ্যা

আর্থসামাজিক উন্নয়নে সাফল্যের ১৯৭৪-২০২৪ MSS Working for the People ৫০ বছর

তরুণদের নতুন উদ্ভাবনের পথে অগ্রসর করতে এমআরএ-এর আয়োজনে তরুণ উদ্যোক্তা সমাবেশ অনুষ্ঠিত

Microcredit Regulatory Authority (MRA)-এর আয়োজনে সৈয়দপুরে মানবিক সাহায্য সংস্থার কমিউনিটি বেজড রিসোর্স সেন্টার-এ অনুষ্ঠিত হয়েছে "তরুণ উদ্যোক্তা সমাবেশ ২০২৫"। গত ২৫ অক্টোবর রংপুরের তরুণ উদ্যোক্তা ও মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিউট (MFI) এর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির সম্মানিত এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ হেলাল। উক্ত অনুষ্ঠানে আরডিআরএস বাংলাদেশের নির্বাহী পরিচালক ইমরুল কায়েস মনিরুজ্জামান, ইএসডিও'র নির্বাহী পরিচালক শহিদুজ্জামান এবং মানবিক সাহায্য সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আখতারুজ্জামান-সহ জাতীয় পর্যায়ের বিভিন্ন MFI-এর প্রতিনিধিরাও অংশগ্রহণ করেন ও বক্তব্য প্রদান করেন।

মানবিক সাহায্য সংস্থা (MSS) বিশ্বাস করে-এই ধরনের উদ্যোগ তরুণদের নতুন উদ্ভাবনের পথে অগ্রসর হতে অনুপ্রাণিত করবে ও গড়ে তুলবে এক সম্ভাবনাময় বাংলাদেশ।

শিশুদের উন্নয়ন ও সুরক্ষায় সেফ দ্যা চিলড্রেন কর্তৃক গুরুত্বপূর্ণ কর্মশালার আয়োজন

গত ২১ অক্টোবর Save the Children in Bangladesh কর্তৃক আয়োজিত Integrated Child Development Project-Shishuder Jonno এর আওতায় "Exit and Sustainable Plan Development কর্মশালার শুভ সূচনা হয়েছে এই গুরুত্বপূর্ণ কর্মশালায় Manabik Shahajya Sangstha (MSS), SKS Foundation এবং SAINT Bangladesh এর প্রতিনিধিরা অংশগ্রহণ করছেন। উদ্বোধনী কর্মশালায় সেফ দ্যা চিলড্রেনের প্রোগ্রাম ডিরেক্টর জনাব ওমর ফারুক উপস্থিত ছিলেন। প্রথম দিনের কার্যক্রমে অংশগ্রহণকারীরা প্রোগ্রামের টেকসই বাস্তবায়ন কৌশল ও স্থানীয় সম্প্রদায়ের অংশগ্রহণের মাধ্যমে পরবর্তীতে দীর্ঘমেয়াদি প্রভাব তৈরির কৌশল নিয়ে মতবিনিময় করেন এবং শিশুদের অধিকার সংরক্ষণে দীর্ঘমেয়াদি প্রভাব সৃষ্টির পথনির্দেশনা নিয়ে আলোচনা করেন।

এই অংশগ্রহণের মাধ্যমে এমএমএস শিশুদের উন্নয়ন, সুরক্ষা ও অংশগ্রহণে একটি টেকসই ভবিষ্যৎ গঠনের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছে।

উত্তরবঙ্গের প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চক্ষুসেবা পৌঁছে দিলো আই কেয়ার প্রোগ্রাম

আই কেয়ার প্রোগ্রাম এ মাসে সর্বমোট ৬টি বিনামূল্যে দৌড়গোড়ায় চক্ষু সেবা ক্যাম্প সফলভাবে সম্পন্ন করেছে। এই ক্যাম্পগুলোর মাধ্যমে মোট ১,৩১৮ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয়েছে (পুরুষ ৬২১ জন ও মহিলা ৬৯৭ জন)। এর মধ্যে ৪০৬ জন রোগীর মধ্যে দৃষ্টি জনিত সমস্যা বা অন্যান্য ত্রুটি চিহ্নিত হয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, এই মাসব্যাপী কার্যক্রমে মোট ২৫৬ জন রোগীর ছানি অপারেশন সফলভাবে সম্পন্ন করা হয় এবং ১০০ জন রোগীকে বিনামূল্যে চশমা প্রদান করা হয়। এছাড়াও, মোট ৮২ জন রোগীর রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা করা হয় এবং চিকিৎসার জন্য ৪২৫ জনকে রেফারেল সেবা দেওয়া হয়।

চক্ষু স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বাড়াতে ক্যাম্পগুলোতে ৮৭০টি ফ্লায়ার্স ও ৩০টি পোস্টার/প্ল্যাকার্ড বিতরণ করা হয়। সার্বিকভাবে, এই কার্যক্রমটি প্রান্তিক জনগোষ্ঠীর কাছে প্রয়োজনীয় চক্ষু স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

অভাবে জর্জরিত উম্মে কুলসুমের অবিশ্বাস্য স্বপ্নপূরণের গল্প

একসময় সৈয়দপুরের তিনপাই গ্রামের উম্মে কুলসুমের পরিবার ছিল চরম অভাব-অনটনে জর্জরিত। সংসারের দায়দায়িত্ব, আর্থিক সংকট ও ভবিষ্যতের অনিশ্চয়তা তাকে প্রতিনিয়ত তাড়া করত। তবুও তিনি স্বপ্ন দেখতেনড়পরিশ্রম ও সাহসের মাধ্যমে একদিন পরিবারকে সচ্ছল জীবনে পৌঁছে দেবেন।

২০২৩ সালে মানবিক সাহায্য সংস্থা (MSS) থেকে ৯৮,০০০ টাকা ঋণ পাওয়ার পর তার জীবনে শুরু হয় নতুন অধ্যায়। এই অর্থ দিয়ে তিনি ১.৫০ বিঘা জমিতে নার্সারি প্রতিষ্ঠা করেন।

শুরুতে নানান চ্যালেঞ্জ এলেও নিজের কঠোর পরিশ্রম ও দৃঢ় মনোবলের জোরে তিনি অল্প সময়ের মধ্যেই নার্সারিটিকে লাভজনক উদ্যোগে রূপ দেন। গাছের চারা উৎপাদন ও বিক্রি করে তিনি পরিবারের আয় বাড়াতে এবং আর্থিক স্থিতি ফিরিয়ে আনতে সক্ষম হন।

নার্সারির সাফল্যে অনুপ্রাণিত হয়ে ২০২৪ সালে তিনি গঝঝ থেকে আরও ১,৪০,০০০ টাকা ঋণ নেন। এবার তিনি ৬ বিঘা জমিতে কমলা, মাল্টা ও পেয়ারার বাগান তৈরি করেন। যত্ন, সময় ও অধ্যবসায়ের ফলে বাগান দ্রুত ফল দিতে শুরু করে এবং এখন এটি তার নিয়মিত ও স্থায়ী আয়ের অন্যতম উৎস।

নিজের উপার্জিত অর্থ দিয়ে তিনি নতুন জমি কিনেছেন এবং একটি দালানবাড়ি নির্মাণের কাজ শুরু করেছেন। পরিবারে এসেছে স্থিতিশীলতা, স্বচ্ছলতা ও ভবিষ্যতের প্রতি নতুন আশা। উম্মে কুলসুমের সাফল্য প্রমাণ করেড়সঠিক সহায়তা ও অবিচল পরিশ্রম থাকলে যে কোনো বাধাই জয় করা সম্ভব।

প্রকাশনায় ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- এমএসএস
সেল সেন্টার (তয় তলা), ২৯ পশ্চিম পান্থপথ, ঢাকা -১২০৫, বাংলাদেশ
ফোন ঃ +৮৮ ০২ ৪১০২০৯২১, ৪১০২০৯২২, ৪১০২০৯২৩
ই-মেইল ঃ info@mssbd.org, mediaunit@mssbd.org